**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

**ঢাকা, রোববার ২৮ ফেব্রুয়ারি ২০১৬, ১৬ ফাল্গুন ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। অসাম্প্রদায়িক দেশ গড়তে সংস্কৃতির বিকাশ জরুরি : প্রধানমন্ত্রী

২। আজ ১০ অর্থনৈতিক অঞ্চলের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

৩। নতুন প্রজন্মকে বিশ্বমানের শিক্ষা দিতে হবে : শিক্ষামন্ত্রী

৪। প্রয়োজনের বেশি ওষুধের দোকানের লাইসেন্স দেবে না সরকার : স্বাস্থ্যমন্ত্রী

৫। রায়ের পর সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে : আইনমন্ত্রী
বাণিজ্যিক বিরোধ নিষ্পত্তিতে সালিশী ব্যবস্থা ফলপ্রসু হতে পারে

৬। ব্রেস্ট ডিজিজ সম্পর্কে সচেতনতা সৃষ্টি করতে হবে : স্পিকার

৭। বিএনপির উদ্দেশ্য ইউনিয়ন পরিষদ নির্বাচন নয়, অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি করা : তথ্যমন্ত্রী

৮। শতাধিক নির্বাচন পর্যবেক্ষক সংস্থার নিবন্ধনের মেয়াদ বাড়াল নির্বাচন কমিশন

৯। মাসে ২২৫ কোটি রুপি দুই সিন্ডিকেটের পকেটে : চাঁপাইনবাবগঞ্জ সীমান্তে 'গরুর পাসপোর্ট'

১০। মেহেরপুর জেলাকে বাল্যবিবাহ মুক্ত ঘোষণা প্রশাসনের

চলমান পাতা-২

**১। অসাম্প্রদায়িক দেশ গড়তে সংস্কৃতির বিকাশ জরুরি : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশের সার্বিক উন্নয়নে নারী-পুরুষের সমান সুযোগ সৃষ্টির প্রয়োজন রয়েছে। একই সঙ্গে উন্নত, সমৃদ্ধ ও অসম্প্রদায়িক দেশ গড়তে সংস্কৃতির যাথাযথ বিকাশও অত্যন্ত জরুরি। গতকাল ২৭ ফেব্রুয়ারি শনিবার রাজধানীর বেইলি রোড়ে বাংলাদেশ মহিলা সমিতির নবনির্মিত ভবন উদ্বোধনকালে প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। নাট্য আন্দোলনের ওপর গুরুত্বারোপ করে প্রধানমন্ত্রী বলেন, দেশে একটাও বিশ্বমানের অত্যাধুনিক ডিজিটাল থিয়েটার নেই। আমরা তা প্রতিষ্ঠার উদ্যোগ নেব। সূত্র-**প্রথম আলো** (পৃ.২,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষপৃ.,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** লিড নিউজ ছেপেছে।

**২। আজ ১০ অর্থনৈতিক অঞ্চলের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

দেশকে শিল্পায়নে এগিয়ে নিতে সরকারের মহাপরিকল্পনা অনুযায়ী অর্থনৈতিক অঞ্চলগুলোতে উন্নয়নের কার্যক্রম চলছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ ২৮ ফেব্রুয়ারি রোববার দেশের **১০**টি অর্থনৈতিক অঞ্চলের (ইজেড) উন্নয়ন কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের (বেজা) আয়োজনে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে তিনি এসব ইজেড উদ্বোধন করবেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ভোরের কাগজ** (শেষপৃ.,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষপৃ.,ক.৪), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.১), **ইনকিলাব** লিড নিউজ ছেপেছে।

**৩। নতুন প্রজন্মকে বিশ্বমানের শিক্ষা দিতে হবে : শিক্ষামন্ত্রী**

নতুন প্রজন্মকে শিক্ষিত করে গড়ে তুলতে হবে। তাদের জ্ঞান-বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ে বিশ্বমানের শিক্ষা দিতে হবে। সে জন্যই বছরের প্রথম দিন শুক্রবার থাকা সত্ত্বেও সরকার দেশের বিভিন্ন স্থানে শিক্ষার্থীদের হাতে ৩৩ কোটি ৩৭ লাখ নতুন বই পৌঁছে দিয়েছে। গতকাল ২৭ ফেব্রুয়ারি শনিবার জামালপুর সদর উপজেলার নান্দিনা শেখ আনোয়ার হোসাইন কলেজের ৫০ বছর পূর্তি অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৭,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৯,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৬)।

**৪। প্রয়োজনের বেশি ওষুধের দোকানের লাইসেন্স দেবে না সরকার : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, এখন থেকে প্রয়োজনের অতিরিক্ত ওষুধের দোকানের লাইসেন্স দেবে না সরকার। নির্দিষ্ট এলাকার জনসংযোগ বিবেচনা করে ওষুধের দোকানের সংখ্যা নির্ধারণ করা হবে। গতকাল ২৬ ফেব্রুয়ারি শনিবার রাজধানীর আগারগাঁওয়ে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ভবনের সেমিনারে কক্ষে 'টেকসই উন্নয়নের স্বাস্থ্যখাতের চ্যালেঞ্জ এবং বাংলাদেশের সর্বজনীন সুরক্ষা' বিষয়ক নীতি সংলাপে প্রধান অতিথির বক্তৃতায় স্বাস্থ্যমন্ত্রী আরো বলেন, স্বাস্থ্যর মতো বিষয় নিয়ে কোনো রাজনীতি করা হবে না। স্বাস্থ্য খাতে যোগ্য লোককে যোগ্য জায়গায় নিয়োগ দেয়া হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৬), **জনকণ্ঠ** (শেষপৃ.,ক.৪), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৬)।

**৫। রায়ের পর সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে : আইনমন্ত্রী**

**বাণিজ্যিক বিরোধ নিষ্পত্তিতে সালিশী ব্যবস্থা ফলপ্রসু হতে পারে**

মানবতারিরোধী অপরাধে জড়িত জামায়াত নেতা মীর কাসেম আলীর বিরুদ্ধে মামলা পরিচালনায় কী ধরণের তথ্য ঘাটতি রয়েছে, প্রধান বিচারপতি তা জানালে তদন্ত সংস্থা ও প্রসিকিউশনের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির এক অনুষ্ঠানে গতকাল ২৬ ফেব্রুয়ারি শনিবার এক প্রশ্নের জবাবে এ কথা জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৪), **ইনকিলাব** (পৃ.১,ক.৭), **সংবাদ** (শেষপৃ.,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৩), **যায়যায়দিন** (শেষপৃ.,ক.১),

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, বাংলাদেশের অর্থনীতি গত এক দশক ধরে ব্যাপক ভাবে সম্প্রসারিত হচ্ছে। সরকারের লক্ষ্য অর্থনৈতিক প্রবৃদ্ধি আরও বাড়ানো। অর্থনৈতিক প্রবৃদ্ধির সঙ্গে সঙ্গে বাড়বে বৈদেশিক বাণিজ্য। ব্যবসা-বাণিজ্য বাড়লে দুই পক্ষের মধ্যে মতবিরোধ তৈরি হতেই পারে। এ মতবিরোধ নিষ্পত্তিতে সালিশী ব্যবস্থা খুবই কার্যকর ভূমিকা রাখতে পারে। গতকাল ২৬ ফেব্রুয়ারি শনিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাষ্ট্রি বাংলাদেশ ইন্টারন্যাশনাল আরবিট্রেশন সেন্টার এবং সার্ক আরবিট্রেশন কাউন্সিলের

যৌথ উদ্যোগে আয়োজিত 'আঞ্চলিক আরবিট্রেশন সেন্টার হিসেবে সারকোর ভূমিকা' শীর্ষক সেমিনারে প্রধান অতিথি হিসেবে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.২), **প্রথম আলো** (পৃ.১৩,ক.৬), **ডেইলি সান** (শেষপৃ.,ক.১), **নিউ নেশন** (শেষপৃ.,ক.৬)।

**৬। বিএনপির উদ্দেশ্য ইউনিয়ন পরিষদ নির্বাচন নয়, অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি করা : তথ্যমন্ত্রী**

জাসস সভাপতি ও তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, ইউনিয়ন পরিষদ নির্বাচন নয়, বিএনপির উদ্দেশ্য হলো দেশে অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি করা, চক্রান্তের মাধ্যমে ক্ষমতা দখল করা। তিনি বিএনপির উদ্দেশ্য বলেন, নির্বাচনে অংশ নিন, নির্বাচনকে চক্রান্ত তৈরির হাতিয়ার হিসেবে ব্যবহার করবেন না। গতকাল ২৬ ফেব্রুয়ারি শনিবার ভেড়ামারা কলেজের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা পুরস্কার বিতরণ ও নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.৪), **নিউ নেশন** (পৃ.২,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৫)।

**৭। শতাধিক নির্বাচন পর্যবেক্ষক সংস্থার নিবন্ধনের মেয়াদ বাড়াল নির্বাচন কমিশন**

শতাধিক পর্যবেক্ষক সংস্থার নিবন্ধনের মেয়াদ একবছর বাড়িয়ে দিয়েছে নির্বাচন কমিশন। ইউনিয়ন পরিষদ নির্বাচনকে সামনে রেখে নতুন করে আবেদন না চেয়ে জাতীয় ও স্থানীয় নিবন্ধন সংস্থাগুলোর মেয়াদ বাড়ানোর এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছে নির্বাচন কমিশনের জনসংযোগ পরিচালক এস এম আসাদুজ্জামান। গতকাল ২৬ ফেব্রুয়ারি শনিবার তিনি বলেন,সর্বশেষ নিবন্ধিত সংস্থাগুলোর ৫ বছর মেয়াদকাল সম্প্রতি শেষ হয়েছে। তাদের সুবিধা বিবেচনা করেই সব নিবন্ধিত সংস্থার মেয়াদ এক বছর বাড়ানো হয়েছে বলে জানান এ কর্মকর্তা। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.৫), **যুগান্তর** (পৃ.১,ক.৩), **যায়যায়দিন** (শেষ পৃ,ক.২), **অবজারভার** (শেষ পৃ,ক.২)।

**৮। ব্রেস্ট ডিজিজ সম্পর্কে সচেতনতা সৃষ্টি করতে হবে : স্পিকার**

যথাসময়ে রোগ নিরুপণ, সঠিক তথ্য প্রদান, আধুনিক চিকিৎসা সেবা প্রদান এবং গবেষণার মাধ্যমে মরণব্যাধি ব্রেস্ট ডিজিজ প্রতিরোধ করা সম্ভব। তাই এ বিষয়ে জনগণের মধ্যে সামাজিক সচেতনতা সৃষ্টি করতে হবে। বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার এবং সিপিএ নির্বাহী কমিটির চেয়ারপারসন ড. শিরীন শারমিন চৌধুরী এ আহ্বান জানিয়েছেন। তিনি গতকাল ২৬ ফেব্রুয়ারি শনিবার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় ডা. মিলন হলে বাংলাদেশ ব্রেস্ট সার্জনস অ্যাসিয়েশন আয়োজিত প্রথম আন্তর্জাতিক ব্রেস্ট ডিজিজ সম্মেলনের প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৮), **প্রথম আলো** (পৃ.৫,ক.১), **যায়যায়দিন** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

**৯। মাসে ২২৫ কোটি রুপি দুই সিন্ডিকেটের পকেটে : চাঁপাইনবাবগঞ্জ সীমান্তে 'গরুর পাসপোর্ট'**

বাংলাদেশের চাঁপাইনবাবগঞ্জ জেলার জোহরপুর বা বাকের আলী সীমান্ত পয়েন্টে, আরও ওপারে ভারতের মুর্শিদাবাদ জেলার খেজুরতলা। এ রুটে প্রতিদিন ভারত থেকে পাচার হয়ে বাংলাদেশে প্রবেশ করছে পাঁচ হাজার গরু। মাসে প্রায় দেড় লাখ। পাচারের এ প্রক্রিয়া নিয়ন্ত্রণ করছে দুই দেশের দুটি সিন্ডিকেট। গরু প্রতি এ সিন্ডিকেট আদায় করে ১৫ হাজার ভারতীয় রুপি। সে হিসেবে এ দুই সিন্ডিকেটের আয় মাসে ২২৫ কোটি ভারতীয় রুপি। আর এটিসহ গরুর মূল্যের পুরো টাকাটাই বাংলাদেশ থেকে ভারতে যাচ্ছে হুন্ডির মাধ্যমে এবং দুই দেশের সীমান্তরক্ষীদের ম্যানেজের মাধ্যমে। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.১)।

**১০। মেহেরপুর জেলাকে বাল্যবিবাহ মুক্ত ঘোষণা প্রশাসনের**

মেহেরপুর জেলা স্টেডিয়ামে বিশাল গণসামাবেশ। বিভিন্ন শ্রেণি-পেশার প্রায় ১৫ হাজার মানুষ হাত উঁচু করে শপথ পাঠ করল। গতকাল ২৬ ফেব্রুয়ারি শনিবার এ অনুষ্ঠানেই মেহেরপুরকে বাল্যবিবাহমুক্ত ঘোষণা করলেন মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম। এর আগে প্রায় ছয় মাস ধরে জেলার প্রতিটি গ্রামে সভা-সমাবেশ করে এবং বাল্যবিবাহ প্রতিরোধে আইন প্রয়োগ ও জনসচেতনতা তৈরির প্রচার চালান মেহেরপুরের জেলা প্রশাসক শফিকুল ইসলাম। তারই ধারাবাহিকতায় গণসমাবেশে বাল্যবিবাহমুক্ত জেলা ঘোষণা ও শপথের আয়োজন করা হয়। সূত্র-**প্রথম আলো** (শেষ পৃ.,ক.১), **ইনকিলাব** (পৃ.১২,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **প্রথম আলো, সমকাল :** চলমান মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষায় ঢাকা, যশোর, রাজশাহী ও চট্টগ্রাম বোর্ডের বিভিন্ন বিষয়ের প্রশ্নপত্রে ভুলের ছড়াছড়ির খবরে পরীক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে যে উদ্বেগ দেখা দিয়েছে তা আমলে নিয়ে এরকম ভুলের পুনরাবৃত্তি রোধে প্রশ্নপত্র তৈরির দায়িত্ব পালনকারীদের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **ইত্তেফাক :** দেশে বিজ্ঞান শিক্ষাদানকারী প্রতিষ্ঠানের মধ্যে ৭৯ শতাংশ শিক্ষা প্রতিষ্ঠানের কোনো বিজ্ঞানাগার নেই উল্লেখ করে বিজ্ঞান ও প্রযুক্তির সাহায্য নিয়ে বিপুল জনশক্তিকে দক্ষ মানবসম্পদে পরিণত করতে পারলেই উন্নয়নের লক্ষ্যে পৌঁছানো সম্ভব বলে মত প্রকাশ।

গ. **ভোরের কাগজ, প্রথম আলো, সংবাদ, যুগান্তর, ইনকিলাব, যায়যায়দিন, ডেইলি স্টার :** উত্তরায় সাত তলার একটি ফ্ল্যাটে ত্রুটিপূর্ণ গ্যাসপাইপ বিস্ফোরণে একই পরিবারের পাঁচজন অগ্নিদগ্ধ হয়ে চিকিৎসাধীন অবস্থায় তিনজন মারা যাওয়ায় দুঃখ প্রকাশ করে গ্যাস দুর্ঘটনার ব্যাপারে সবাইকে সচেতন করার পাশাপাশি এসব দুর্ঘটনার জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঘ. **সমকাল :** এক প্রতিবেদনে প্রকাশিত দেশে গত ছয় বছরে যৌতুকের জন্য নির্যাতনে এক হাজার ৪৪৬ জন গৃহবধূ নিহত হয়েছে উল্লেখ করে যৌতুকের বিরুদ্ধে আইনি ও সামাজিক প্রতিরোধ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ঙ. **জনকণ্ঠ :** বেপরোয়া দখল ও দূষণের কবল থেকে বুড়িগঙ্গা নদীকে রক্ষার আহ্বান।

চ. **ইন্ডিপেনডেন্ট, ডেইলি স্টার :** পাট ও পাটজাত পণ্য উৎপাদনের পাশাপাশি তা ব্যবহারে সবাইকে উৎসাহিত করার আহ্বান।

ছ. **ডেইলি সান :** নানা অনিয়ম ও অব্যবস্থাপনা হতে এবং রেলের দখলকৃত জমি উদ্ধারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

জ. **নিউজ টুডে :** অশিক্ষিত, দরিদ্র জনগোষ্ঠীকে স্বাস্থ্য সচেতনতার বিষয়ে সঠিক শিক্ষা দেওয়ার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে দেশের বাংলা ভাষার উন্নয়নে সরকারি ভাবে প্রচেষ্টার প্রয়োজন বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'শিক্ষার সৃজনশীলতা ও শিক্ষক প্রশিক্ষণ'** শিরোনামের নিবন্ধে ড. মো. হুমায়ুন কবীর গতানুগতিক মুখস্থ বিদ্যা এবং শিক্ষার্থীদের পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও নকল প্রবণতা থেকে বের করে এনে নিজে নিজে চর্চার মাধ্যমে শিক্ষার ক্ষেত্রে সৃজনশীল একটি কার্যকর পদ্ধতি উল্লেখ করে এর সাথে সাথে এর জন্য প্রশিক্ষিত শিক্ষকের প্রয়োজন বলে অভিমত প্রকাশ করেছেন।

#

মরজিনা/সাঈদা/রশীদ/২০১৫/৯.০০ ঘণ্টা